

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭১(আগরতলা,০৬।০৩)

জম্পুইজলা, ০৬ মার্চ, ২০১৯

জম্পুইজলায় মৎস্যচাষে সহায়তা প্রদান

জম্পুইজলা মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থবছরে রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় ৭০ জন মৎস্যচাষীকে ১২০০টি করে বিভিন্ন জাতের মাছের পোনা দেওয়া হয়েছে। এছাড়া এই প্রকল্পের সুবিধাভোগীদেরকে মাছের খাদ্য, চুন খৈল ইত্যাদি দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
